গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড**
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড
ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নং- ৪৯.০৪.০০০০.০৪৪.০৬.০৩৫.১৯(৫৩)২৩৫ তারিখ: ১০ ডিসেম্বর ২০১৯খ্রিঃ

**বিষয়: প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষা বৃত্তি প্রদান সংক্রান্ত নীতিমালা-২০১৯।**

প্রবাসী বাংলাদেশী কর্মীরা দেশের অর্থনৈতিক উন্নয়নে ব্যাপক ভূমিকা পালন করে থাকেন। প্রবাসীদের প্রেরিত রেমিটেন্স অন্যতম চালিকাশক্তি হিসেবে দেশের অর্থনীতির চাকাকে বেগবান রাখছে। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড প্রবাসী কর্মী এবং তাঁর পরিবারের জন্য নানামুখী কল্যাণমূলক সেবা কার্যক্রম পরিচালনা করছে। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড প্রবাসীদের অর্থবহ এবং টেকসই কল্যাণ নিশ্চিতকল্পে বিভিন্ন কার্যক্রম গ্রহণের পাশাপাশি প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের উচ্চ শিক্ষা গ্রহণে উৎসাহ প্রদানের জন্য শিক্ষা বৃত্তি প্রদান করছে। প্রবাসী কর্মীর সন্তানদের জন্য প্রদত্ত শিক্ষাবৃত্তি কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে ০৫ ডিসেম্বর, ২০১৯ তারিখে অনুষ্ঠিত ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড পরিচালনা পরিষদের ২৯১তম বোর্ড সভার অনুমোদনক্রমে এই নীতিমালা প্রণয়ন করা হলো।

১। **এই নীতিমালা "প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষা বৃত্তি প্রদান সংক্রান্ত নীতিমালা-২০১৯" নামে অভিহিত হবে।**

২। **উদ্দেশ্য:**
ক) প্রবাসী কর্মীদের অবদানের স্বীকৃতি প্রদান;
খ) প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষা গ্রহণে উৎসাহ প্রদান;
গ) প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের উচ্চ শিক্ষায় শিক্ষিত করার প্রয়াসে সহায়তা প্রদান;
ঘ) দক্ষ মানব সম্পদ তৈরি করা;
ঙ) বৈধভাবে বিদেশগমনে উৎসাহ প্রদান;
চ) প্রবাসী কর্মীর পরিবারের টেকসই উন্নয়ন নিশ্চিত করা;
ছ) প্রবাসী কর্মীর অধিকার ও মর্যাদা প্রতিষ্ঠা করা।

৩। **বৃত্তির আওতা:**

জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) এর ছাড়পত্র নিয়ে যে সকল কর্মী বিদেশে কর্মরত আছেন বা ছিলেন অথবা বিদেশে কর্মরত অবস্থায় মৃত্যুবরণ করেছেন অথবা ছুটিতে দেশে এসে মৃত্যুবরণ করেছেন অথবা নির্ধারিত কল্যাণ ফি জমা দিয়ে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মেম্বারশিপ গ্রহণ করেছেন, তাঁদের সন্তানেরা এই শিক্ষাবৃত্তির আওতায় আসবে। এছাড়াও মৃত কর্মীর জন্য দূতাবাস কর্তৃক ইস্যুকৃত এনওসিতে বৈধ উল্লেখ থাকলে অথবা ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে মৃত কর্মীর পরিবারকে আর্থিক অনুদান প্রদান করা হলে তাঁদের সন্তানগণও শিক্ষা বৃত্তির আওতাভুক্ত হবে।

## ৪। শিক্ষাবৃত্তির ক্যাটাগরি ও মেয়াদ:

প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষাবৃত্তি নিম্নোক্ত ০৫টি ক্যাটাগরিতে প্রদান করা হবে:

ক) পিইসি/সমমান : ৬ষ্ঠ শ্রেণি হতে ৮ম শ্রেণি পর্যন্ত ৩ (তিন) বছর;

খ) জেএসসি/সমমান : ৯ম হতে ১০ম শ্রেণি পর্যন্ত ২ (দুই) বছর;

গ) এসএসসি/সমমান/O Level: একাদশ হতে দ্বাদশ শ্রেণি পর্যন্ত ২ (দুই) বছর এবং A Level এর ক্ষেত্রে ২ (দুই) বছর; তবে ডিপ্লোমা কোর্সের ক্ষেত্রে সর্বোচ্চ ৪ (চার) বছর;

ঘ) এইচএসসি/সমমান/A Level: স্নাতক এর জন্য ০৪ (চার) বছর এবং মেডিকেল কোর্সের জন্য ৫(পাঁচ) বছর। এক্ষেত্রে সেশনজট বিবেচিত হবে না।

## ৫। শিক্ষা বৃত্তির যোগ্যতা:

ক্যাটাগরি/শ্রেণি অনুযায়ী বোর্ড কর্তৃক নির্ধারিত জিপিএ/সিজিপিএ প্রাপ্ত শিক্ষার্থীগণ শিক্ষাবৃত্তির যোগ্য বলে বিবেচিত হবে। বাস্তবতার নিরিক্ষে জিপিএ/সিজিপিএ সময়ে সময়ে পরিবর্তন যোগ্য।

| ক্রম. | ক্যাটাগরি | বাংলাদেশের কারিকুলাম অনুযায়ী জিপিএ/সিজিপিএ | | ইংলিশ মিডিয়াম গ্রেড |
|---|---|---|---|---|
| | | প্রবাসে কর্মরত কর্মীর সন্তানের ক্ষেত্রে | প্রবাসে মৃত কর্মীর সন্তানের ক্ষেত্রে | প্রবাসে কর্মরত/মৃত কর্মীর সন্তানের ক্ষেত্রে |
| ১। | পিইসি/সমমান | ৪.৮০ | ৪.০০ | |
| ২। | জেএসসি/সমমান | ৪.৮০ | ৪.০০ | |
| ৩। | এসএসসি/সমমান/O Level | ৪.৮০ | ৪.০০ | B |
| ৪। | এইচএসসি/সমমান/A Level | ৪.৮০ | ৪.০০ | B |

## ৬। বৃত্তির সংখ্যা ও বৃত্তির অর্থের পরিমাণ:

ক্যাটাগরি ভিত্তিক বৃত্তির সংখ্যা ও বৃত্তির অর্থের পরিমাণ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের পরিচালনা পরিষদ কর্তৃক নির্ধারিত হবে। তবে বৃত্তির সংখ্যা বিভিন্ন ক্যাটাগরির মধ্যে সমন্বয়যোগ্য।

## ৭। ক্যাটাগরি ভিত্তিক বৃত্তির সংখ্যা ও অর্থের পরিমাণ: (বছর ভিত্তিক)

| ক্রম. | ক্যাটাগরি | শিক্ষা বৃত্তির কোটা (জন) | শিক্ষা বৃত্তির পরিমাণ | বই ও শিক্ষা উপকরণ ক্রয় বাবদ প্রদান |
|---|---|---|---|---|
| | | বাৎসরিক সংখ্যা | মাসিক টাকা | বাৎসরিক টাকা |
| ১। | পিইসি/সমমান | ১২০০ | ১,০০০.০০ | ২,০০০.০০ |
| ২। | জেএসসি/সমমান | ৮০০ | ১,৫০০.০০ | ২,৫০০.০০ |
| ৩। | এসএসসি/সমমান/O Level | ৬০০ | ২,০০০.০০ | ৩,৫০০.০০ |
| ৪। | এইচএসসি/সমমান/A Level | ৪০০ | ২,৫০০.০০ | ৪,০০০.০০ |

পৃষ্ঠা/০২

৮। **বৃত্তির জন্য আবেদন আহবান ও আবেদন জমা প্রদানের পদ্ধতি:**

ক) আবেদন আহবান: ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ওয়েবসাইটে এবং পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে প্রতি বছর সংশ্লিষ্ট ক্যাটাগরিতে আবেদন আহবান করা হবে;

খ) আবেদন আহবানের সময়: পিইসি/সমমান, জেএসসি/সমমান ও এইচএসসি/সমমান/ A Level ক্যাটাগরিতে জানুয়ারি মাসে, এসএসসি/সমমান/ O Level ক্যাটাগরিতে জুলাই মাসে আবেদনপত্র আহবান করা হবে;

গ) আবেদন গ্রহণ: বৃত্তির আবেদনপত্র সরাসরি/ ডাকযোগে/অনলাইনে গ্রহণের বিষয়ে বিজ্ঞপ্তিতে উল্লেখ থাকবে।

৯। **আবেদনপত্রের সঙ্গে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে:**

ক) পিতা/মাতা প্রবাসী কর্মী হওয়ার স্বপক্ষে আনুষঙ্গিক কাগজপত্রাদি (যেমন: পাসপোর্ট, ভিসা এবং বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র (ম্যানপাওয়ার ক্লিয়ারেন্স) সম্বলিত পাসপোর্টের পৃষ্ঠা/স্মার্ট কার্ড অথবা বিদেশস্থ বাংলাদেশ দূতাবাসের মাধ্যমে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মেম্বারশীপের ফটোকপি;

খ) প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর সন্তানদের ক্ষেত্রে দূতাবাস কর্তৃক ইস্যুকৃত এনওসি/আর্থিক অনুদান প্রাপ্তির প্রমাণপত্র;

গ) শিক্ষার্থীর ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত);

ঘ) ক্যাটাগরি অনুযায়ী সংশ্লিষ্ট পরীক্ষার মূল নম্বর পত্রের (মার্কশীট) সত্যায়িত ফটোকপি (প্রতিষ্ঠান প্রধান/ বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত);

১০। **বাছাই ও নির্বাচন কমিটি:**

প্রবাসী কর্মীর সন্তানদের বৃত্তি প্রদানে নিমিত্ত বাছাই কমিটি ও নির্বাচন কমিটি নামে নিম্নরূপ দুইটি কমিটি থাকবে।

**ক) বাছাই কমিটি:**

| | | |
|---|---|---|
| ১. | উপ-পরিচালক (কল্যাণ) | আহবায়ক |
| ২. | সহকারী পরিচালক (প্রশাসন) | সদস্য |
| ৩. | সহকারী পরিচালক (প্রশিক্ষণ) | সদস্য |
| ৪. | আইটি শাখার একজন প্রতিনিধি | সদস্য |
| ৭. | সহকারী পরিচালক (শিক্ষা) | সদস্য সচিব। |

**বাছাই কমিটির কার্যপরিধি:**

বাছাই কমিটি সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীদের দাখিলকৃত আবেদন যাচাই-বাছাই, তুলনামূলক বিবরণ প্রণয়ন, আবেদনের দ্বৈততা পরীক্ষাকরণ, সাক্ষাৎকার গ্রহণ, বিভিন্ন অসঙ্গতি অথবা যৌক্তিকতা তুলে ধরা, আবেদনপত্র মূল্যায়নপূর্বক বাছাইকৃত প্রার্থীদের তালিকা প্রস্তুত করে নির্বাচন কমিটির নিকট অনুমোদনের জন্য পেশ করা।

**খ) নির্বাচন কমিটি:**

| | | |
|---|---|---|
| ১. | পরিচালক (অর্থ ও কল্যাণ) | আহবায়ক |
| ২. | মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৩. | পরিচালক (আইআরপি) | সদস্য |
| ৪. | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) | সদস্য |
| ৫. | বিমএইটি'র পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৬. | সহকারী পরিচালক (শিক্ষা) | সদস্য |
| ৭. | উপ-পরিচালক (শিক্ষা) | সদস্য সচিব। |

**নির্বাচন কমিটির কার্যপরিধি:**

ক) বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রার্থীর তালিকা হতে বৃত্তিপ্রাপ্তির তালিকা চূড়ান্ত করা;

খ) কোনো ক্যাটাগরিতে যোগ্য শিক্ষার্থী বেশি পাওয়া গেলে আসন শূন্য থাকা সাপেক্ষে অন্যান্য ক্যাটাগরির সঙ্গে সমন্বয় করা;

গ) শিক্ষা বৃত্তি বিভাজনের ক্ষেত্রে বিভাগওয়ারী অভিবাসী এবং জনসংখ্যার ভিত্তিতে কোটা নির্ধারণ করা,

ঘ) নির্বাচন কমিটি প্রয়োজনে জিপিএ/সিজিপিএ নির্ধারণ করা, বৃত্তির সংখ্যা হ্রাস বৃদ্ধি ও বৃত্তির অর্থ পুনঃনির্ধারণে সুপারিশ করা;

ঙ) সময় সময়ে নীতিমালা পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনের বিষয়ে সুপারিশ প্রণয়ন করা।

১১। **বিশেষ শর্তাবলী:**

ক) একজন প্রবাসী কর্মীর সর্বোচ্চ ২ (দুই) জন সন্তানকে শিক্ষা বৃত্তি প্রদান করা যাবে;

খ) এইচএসসি/সমমান/এ'লেভেল ক্যাটাগরিতে শুধুমাত্র পাবলিক কলেজ/বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত প্রবাসী কর্মীর সন্তাদেরকে শিক্ষা বৃত্তি প্রদান করা হবে;

১২। **বিবিধ:**

বৃত্তি প্রদানের পর কোনো শিক্ষার্থীর আবেদন ও প্রদত্ত তথ্যে অনিয়ম, অসঙ্গতি ও ভুল প্রমাণিত হলে কর্তৃপক্ষ বৃত্তি বাতিল/স্থগিত কিংবা আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

**(গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি)**
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

নং- ৪৯.০৪.০০০০.০৪৪.০৬.০৩৫.১৯(৫৩)২৩৫ তারিখ: ১০ ডিসেম্বর ২০১৯খ্রিঃ

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২, কাকরাইল, ঢাকা।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক (সকল)।
৪। সচিবের একান্ত সচিব,প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (সকল),ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৬। শ্রম উইং (সকল), বাংলাদেশ দূতাবাস।
৭। উপ-পরিচালক (সকল),ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৯। সিস্টেম এ্যানালিস্ট, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা (নোটিশটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
১০। সহকারী পরিচালক, জেলা জনশক্তি ও কর্মসংস্থান অফিস (সকল)।
১১। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী,ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১২।.............................................................................................।
১৩। অফিস কপি।

১০.১২.১৯

**(মোঃ শফিকুল ইসলাম)**
অতিরিক্ত সচিব
পরিচালক (অর্থ ও কল্যাণ)